গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৭ অধিশাখা
বাংলাদেশ সাচিবালয়, ঢাকা।

নং-২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৫ /১২৭ তারিখঃ ১৪ মার্চ ২০১৭

## পরিপত্র

বিষয়ঃ দেশের অভ্যন্তরে বাণিজ্য মেলা আয়োজন সম্পর্কিত বিধানাবলী।

দেশের শিল্পায়ন ও উৎপাদিত বিভিন্ন ধরনের পণ্য সামগ্রী প্রদর্শনের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য বাংলাদেশের বিভিন্ন বিভাগীয় শহর, জেলা শহর, উপজেলা সমূহে বাণিজ্য মেলা (Trade Fair) আয়োজন করা হয়। অধিকন্তু বিদেশী মিশন ও ব্যবসায়ী সংগঠন/প্রতিষ্ঠানের অংশগ্রহণে বিভিন্ন সময় বাণিজ্য মেলা আয়োজন করা হয়ে থাকে। এসব মেলা সুষ্ঠুভাবে আয়োজনের নিমিত্ত বাণিজ্য মন্ত্রণালয়ের ১২ জুন ২০০৭ তারিখের পরিপত্র যথাক্রমে বাম/রপ্তানি-৭/২৩(৯৬)/২০০৫(অংশ-১)/১৮৮ বাতিলপূর্বক এ পরিপত্র জারী করা হলো।

১। সংজ্ঞাঃ

(ক) বাণিজ্য মেলাঃ বাংলাদেশের অভ্যন্তরে যে কোন স্থানে বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত মেলা যে কোন নামেই আয়োজন করা হয়ে থাকুক না কেন, যদি সেখানে প্রদর্শিত দ্রব্যাদি বিক্রয়ের বা বিনিময়ের ব্যবস্থা থাকে তবে তা বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে। তবে বাংলাদেশের ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন পর্বে অনুষ্ঠিত মেলা যেমন-'বৈশাখী মেলা', 'চৈত্র সংক্রান্ত মেলা' অথবা ধর্মীয় আচার অনুষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত মেলা যেমন-মহরমের মেলা ইতিহাস ঐতিহ্যের সাথে জড়িত মেলা যেমন-আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উপলক্ষে আয়োজিত 'বই মেলা' অথবা রাষ্ট্রীয় কোন প্রতিষ্ঠান আয়োজিত মেলা যেমন-জাতীয় গ্রন্থ কেন্দ্র আয়োজিত ঢাকা বই মেলা বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে না।

(খ) আন্তর্জাতিক বাণিজ্য মেলাঃ- বিদেশী সংস্থা/প্রতিষ্ঠানের অংশগ্রহণে কিংবা বিদেশী মিশন/প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত বাণিজ্য মেলা ''আন্তর্জাতিক বাণিজ্য মেলা'' হিসেবে গণ্য হবে।

(গ)স্থানীয় বাণিজ্য মেলাঃ- বাংলাদেশের আভ্যন্তরে শুধুমাত্র বাংলাদেশী ব্যবসায়ী/প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে অনুষ্ঠিত বাণিজ্য মেলা ''স্থানীয় বাণিজ্য মেলা'' হিসেবে গণ্য হবে।

২। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলাঃ বাণিজ্য মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ও পরামর্শে রপ্তানী উন্নয়ন ব্যুরো (ইপিবি) প্রতি বছর 'ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা' আয়োজন করবে। এ মেলা আয়োজনের জন্য কোন ফি প্রদানের প্রয়োজন হবে না।

৩। বিভাগীয় শহর ও পার্বত্য জেলার আন্তর্জাতিক বাণিজ্য মেলা ক্যালেন্ডার প্রণয়নঃ

(ক) দেশের ৮টি বিভাগীয় শহর যথা- ঢাকা,চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ এবং তিনটি পার্বত্য জেলার মধ্যে পর্যায়ক্রমে একটি জেলা শহরে আন্তর্জাতিক বাণিজ্য মেলা অনুষ্ঠানের নিমিত্ত প্রতি অর্থ বছরের শুরুতে মেলার সময়সূচী নির্ধারণপূর্বক বাণিজ্য মন্ত্রণালয় একটি মেলা ক্যালেন্ডার প্রণয়ন করে সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করবে। প্রণীত ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি স্থানীয় পুলিশ বিভাগের এবং জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় অত্র পরিপত্রের ৬নং অনুচেছদের শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে উক্ত শহরে আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজন করবে।

(খ) উক্ত মেলা অনুষ্ঠানের সম্ভাব্য তারিখের ন্যূনতম ১ (এক) মাস পূর্বে আয়োজনকারী সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি কর্তৃপক্ষ বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকূলে অফেরৎযোগ্য ২০০ (দুইশত) মার্কিন ডলার এর সমপরিমাণ বাংলাদেশি টাকা চালানের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক কপি সংযুক্ত করে মন্ত্রণালয়কে লিখিতভাবে অবগত করবে।

৪। **আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনে পালনীয়ঃ**

(ক) বাংলাদেশের যে কোন স্থানে অনুচ্ছেদ ২ ও ৩ এ উল্লিখিত মেলা ব্যতীত কোন আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের অনুকূলে অফেরৎ যোগ্য ২০০ (দুইশত) মার্কিন ডলার এর সমপরিমাণ বাংলাদেশী টাকা চালানের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে (কোড নং ১১৭০১০০০১২৬৮১) জমা প্রদানপূর্বক ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে অনুমতির জন্য লিখিত আবেদন করতে হবে।

(খ) বাণিজ্য মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইসহ প্রয়োজনে সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি/ইপিবি/স্থানীয় প্রশাসন/ সংশ্লিষ্ট পুলিশ বিভাগের মতামত গ্রহণ করে সন্তোষজনক পাওয়া গেলে ৬ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী সাপেক্ষে মেলার অনুমতি প্রদান করবে। কোন আবেদন সন্তোষজনক বিবেচিত না হলে সংশ্লিষ্ট সংস্থা/ আবেদনকারীকে লিখিতভাবে জানিয়ে দেয়া হবে।

৫। **স্থানীয় বাণিজ্য মেলাঃ** স্থানীয় বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর নামে ৫০০ (পাঁচশত) টাকা এবং চালানের মাধ্যমে সরাসরি সরকারি কোষাগারে ৫০০০/- (পাচঁ হাজার) টাকা জমা প্রদান করতে হবে। উক্ত চেম্বারের সুপারিশের ভিত্তিতে স্থানীয় পুলিশ বিভাগের মতামত গ্রহণ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অনধিক ১ (এক) মাসের জন্য ৬ নং অনুচেছদের শর্তাবলী সাপেক্ষে বাণিজ্য মেলা আয়োজনের জন্য অনুমতি প্রদান করতে পারবেন।

৬। **বাণিজ্য মেলা আয়োজনের শর্তাবলীঃ**

(ক) আমদানি নিষিদ্ধ বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্য/সামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;

(খ) মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;

(গ) জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন করা যাবে না;

(ঘ) মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে;

(ঙ) আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম মেলায় প্রদর্শন/বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য/যন্ত্রপাতি /সরঞ্জাম বিদ্যমান ''আমদানি নীতি আদেশ'' অনুসরণ করে আমদানি করতে হবে;

(চ) স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে;

(ছ) মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে; এবং

(জ) বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না।

৭। এ পরিপত্রে বর্ণিত বিধান লংঘন/অমান্য করে কেউ বাণিজ্য মেলা আয়োজন করতে পারবে না। যদি কেউ এরূপ কাজে লিপ্ত থাকে তা হলে স্থানীয় প্রশাসন মেলার আয়োজন বন্ধ করাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে এবং বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করবে।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রুখসানা হাসিন ২৪।০৬।২০১৭

(রুখসানা হাসিন)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৯৬২৬
sas.export7@mincom.gov.bd

বিতরণঃ

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/ রংপুর/ময়মনসিংহ।
৩। মেট্রোপলিটন পুলিম কমিশনার ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক------------------------------------------(সকল)।
৫। পুলিশ সুপার------------------------------------------(সকল)।
৬। সভাপতি, এফবিসিসিআই ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৭। সভাপতি/সম্পাদক, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি----------------------(সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (রপ্তানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৭ শাখা),বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(পরিপত্রটি বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।